দৈনিক খবর

তারিখ 0 2 NOV 1992
পৃষ্ঠা ৮ কলাম ২

14

# ৩ জন বিশ্ববিদ্যালয় শিক্ষক মঞ্জুরি কমিশন পুরস্কারে ভূষিত

বাসস জানায়, তিনজন বিশ্ববিদ্যালয় শিক্ষক মৌলিক গবেষণা কর্মে তাদের অবদানের জন্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন পুরস্কারে ভূষিত হয়েছেন। গতকাল কমিশনের এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিদ্যা বিভাগের অধ্যাপক মোহাম্মদ সলিম উল্যাহ এবং অধ্যাপক মোহাম্মদ মনিরুজ্জামানকে বিজ্ঞান ও কৃষি বিজ্ঞান ক্ষেত্রে যথাক্রমে ১৯৮৮ ও ১৯৮৯ সালে গবেষণা কাজের জন্য মঞ্জুরি কমিশন পুরস্কারে ভূষিত করা হয়েছে। একই সাথে ১৯৮৯ সালে প্রযুক্তি ও প্রকৌশল ক্ষেত্রে অবদানের জন্য বুয়েটের ম্যাটালিকস বিভাগের অধ্যাপক মোহর আলীকেও মঞ্জুরি কমিশন পুরস্কারে ভূষিত করা হয়েছে। সম্প্রতি কমিশনের ৭৫তম বৈঠকে এই পুরস্কারের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের তাদের স্ব স্ব ক্ষেত্রে মৌলিক গবেষণায় উৎসাহিত করার জন্য ১৯৮০ সাল থেকে পুরস্কার দিয়ে আসছে। এ পর্যন্ত কমিশন বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ১৯ জন শিক্ষককে পুরস্কৃতকরেছে।